

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
প্রধান কার্যালয়

৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

E-mail : [dgdnbd@gmail.com](mailto:dgdnbd@gmail.com), website [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd) Fax: 8802-8870010.

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ আজিজুল ইসলাম  
পরিচালক(প্রশাসন)  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।  
তারিখ : ৩০ সেপ্টেম্বর, ২০১৮, বেলা ০৩:০০ ঘটিকা।  
সভার স্থান : পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ।  
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, সেবা গ্রহণের ক্ষেত্রে একজন নাগরিকের আগের তুলনায় সময়, খরচ ও যাতায়াত সাশ্রয় করায় হলো উদ্ভাবনের মূল লক্ষ্য। সুরক্ষা সেবা বিভাগের ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো প্রস্তুত করে প্রেরণ করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের মেম্বার'স গাইডবুক অনুযায়ী মেম্বার হলো পরামর্শক যিনি উদ্ভাবনী উদ্যোগসমূহের সঠিক ও সফল বাস্তবায়নকে গতিশীল করার জন্য বিভিন্নভাবে সহায়তা, নির্দেশনা ও পরামর্শ প্রদান করে থাকে। ২০১৭-২০১৮ অর্থ বছরের ১নং উদ্ভাবনী উদ্যোগ “মাদকাসক্ত রোগীদের চিকিৎসা সেবা সহজীকরণ করার নিমিত্ত সারাদেশে নিরাময় কেন্দ্রে ভর্তিকৃত রোগীদের হাল অবস্থা Real time এ জানার জন্য অনতিবিলম্বে Online patient management সিস্টেমটির ত্রুটি সংশোধন পূর্বক সিস্টেমটি চালু করার জন্য পুনরায় সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

৩.১ মাদকাসক্ত রোগীদের চিকিৎসা সেবা সহজীকরণ করার নিমিত্ত সারাদেশে নিরাময় কেন্দ্রে ভর্তিকৃত রোগীদের হাল অবস্থা Real time এ জানার জন্য অনতিবিলম্বে Online patient management সিস্টেমটির ত্রুটি সংশোধন পূর্বক সিস্টেমটি চালু করার জন্য পরিচালক(চিকিৎসা ও পুনর্বাসন) মহোদয় সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।


৩.২ উদ্ভাবন কর্মপরিকল্পনার ৪.১.১ নং কর্মস্পাদন সূচকে ৩০/৮/২০১৮ তারিখের মধ্যে উদ্ভাবনী উদ্যোগের তালিকা করার টার্গেট নির্ধারণ করা আছে। অদ্য নিম্ন বর্ণিত উদ্ভাবনী উদ্যোগ ০২ (দুই)টি আইডিয়া ব্যাংকে আপলোড করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

(ক) ডিএনসি প্রধান কার্যালয়ে স্মার্ট ফ্রন্টডেস্ক।

(খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অপারেশন কার্যক্রম সংক্রান্ত ডিজিটাল তথ্য আপডেট।

০৪। সভাপতি অধিদপ্তরকে যুগোপযোগী করার লক্ষ্যে উদ্ভাবনীমূলক কর্মকাণ্ডের বিষয়ে চিন্তা ভাবনা করার জন্য ইনোভেশন কমিটির সকল সদস্যগণকে অনুরোধ করেন। এছাড়াও গত ৩০ জুলাই, ২০১৮ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-২০১৯ প্রণয়নপূর্বক সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে সচিব মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে। সে পরিকল্পনামাফিক বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ইনোভেশন কমিটিকে অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ আজিজুল ইসলাম)  
পরিচালক(প্রশাসন)

ও  
ইনোভেশন অফিসার  
ফোন : ৮৮৭০০১৬

২৩ আশ্বিন, ১৪২৫

তারিখ : -----

০৮ অক্টোবর, ২০১৮

নথি নং- ৪৪.০৪.০০০০.০০৫.১৮.৩৮৭.১৬-৫৪০৮

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃঃ আঃ অতিরিক্ত সচিব(মাদক অনুবিভাগ)।

e/saiful/meeting

২. অতিরিক্ত সচিব(বহিরাগমন ও নিরাপত্তা) ও চীফ ইনোভেশন অফিসার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক(প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৫. প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, ১৭৪ ডিষ্টিলারী রোড, গেভারিয়া, ঢাকা।
৬. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গোয়েন্দা শাখা/বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৭. সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. উপ পরিচালক(নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. উপ-পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,----- গোয়েন্দা অঞ্চল/ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, -----।
১০. সহকারী পরিচালক, প্রশাসন/অপারেশনস/অর্থ/কমন সার্ভিস/চিপ/সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. অফিস কপি।